# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৭. ইসতিনজার হুকুম

## بَابُ الاسْتِنْجَاءِ

আরবী

نَا إِسْحَاقُ بْنُ مُحَمَّدِ بْنِ الْفَضْلِ الزَّيَّاتُ ، نَا الْحَسَنُ بْنُ أَبِي الرَّبِيعِ الْجُرْجَانِيُّ ح : وَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَبُو بَكْرِ بْنُ زَنْجَوَيْهِ ح : وَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْفَارِسِيُّ ، نَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الصَّنْعَانِيُّ ، قَالُوا : أَنَا عَبْدُ الرَّزَّاقِ ، نَا مَعْمَرٌ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنْ عَلْقَمَةَ بْنِ قَيْسٍ ، عَنِ ابْنِ مَسْعُودٍ ؛ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ذَهَبَ لِحَاجَتِهِ فَأَمَرَ ابْنَ مَسْعُودٍ أَنْ يَأْتِيَهُ بِثَلَاثَةِ أَحْجَارٍ ، فَجَاءَهُ بِحَجَرَيْنِ وَرَوْثَةٍ ، فَأَلْقَى الرَّوْثَةَ ، وَقَالَ : " إِنَّهَا رِكْسٌ ائْتِنِي بِحَجَرٍ " . تَابَعَهُ أَبُو شَيْبَةَ إِبْرَاهِيمُ بْنُ عُثْمَانَ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، نَا يُوسُفُ بْنُ يَعْقُوبَ بْنِ إِسْحَاقَ بْنِ بُهْلُولٍ ، نَا جَدِّي ، نَا أَبِي ، عَنْ أَبِي شَيْبَةَ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنْ عَلْقَمَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ ، قَالَ : خَرَجْتُ يَوْمًا مَعَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، قَالَ : فَأَمَرَنِي أَنْ آتِيَهُ بِثَلَاثَةِ أَحْجَارٍ ، قَالَ : فَأَتَيْتُهُ بِحَجَرَيْنِ وَرَوْثَةٍ ، قَالَ : فَأَلْقَى الرَّوْثَةَ ، وَقَالَ : " إِنَّهَا رِكْسٌ فَأْتِنِي بِغَيْرِهَا " . اخْتُلِفَ عَلَى أَبِي إِسْحَاقَ فِي إِسْنَادِ هَذَا الْحَدِيثِ وَقَدْ بَيَّنْتُ الاخْتِلَافَ فِي مَوَاضِعَ أُخَرَ

বাংলা

১৪৪(৫). মুহাম্মাদ ইবনুল ফাদল আয-যায়্যাত (রহঃ) ... ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পায়খানায় যেতে ইবনে মাসউদ (রাঃ)-কে নির্দেশ দিলেন, তিনি যেন তাঁর জন্য তিন টুকরা পাথর নিয়ে আসেন। তিনি তাঁর নিকট দুই টুকরা পাথর ও এক টুকরা শুকনা গোবর নিয়ে আসেন। তিনি গোবরের টুকরাটা ফেলে দিলেন এবং বললেন, এটা নাপাক। আমার জন্য আরো এক টুকরা পাথর নিয়ে আসো। আবদুল্লাহ (রাঃ) আরো বলেন, আমি একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে কোথাও রওয়ানা হলাম। রাবী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে নির্দেশ দিলেন, আমার জন্য তিন টুকরা পাথর নিয়ে আসো। আমি তার নিকট দুই টুকরা পাথর ও এক টুকরা শুকনা গোবর নিয়ে আসলাম। রাবী বলেন,

তিনি গোবরের টুকরাটি ফেলে দিলেন এবং বললেন, এটা নোংরা, এটা বাদে আর এক টুকরা পাথর নিয়ে আসো। উক্ত হাদীসের সনদে আবু ইসহাকে কেন্দ্র করে মুহাদ্দিসগণ মতভেদ করেছেন। এই মতভেদ সম্পর্কে আমি অন্যত্র আলোচনা করেছি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন